


# যুগান্তর

## ভাসানী বিশ্ববিদ্যালয়ে ১২তম ব্যাচের সমাপনী উৎসব

প্রকাশ : ২০ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 টাঙ্গাইল প্রতিনিধি

‘চিত্ত হয়েছে মত্ত এবার, ১২ সেজেছে বৃত্ত’ এই স্লোগান নিয়ে টাঙ্গাইলের মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১২তম ব্যাচের শিক্ষার্থীদের শিক্ষা সমাপনী উৎসব গত মঙ্গলবার শুরু হয়েছে। তিন দিনব্যাপী ‘শিক্ষা সমাপনী উৎসব (কেন্দ্রীয় র‍্যাগ ডে)’ সকালে প্রশাসনিক ভবনের সামনে কেক কেটে উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. মো. আলাউদ্দিন। পরে একটি আনন্দ শোভাযাত্রা বের হয়। এটি ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে মুক্তমঞ্চের সামনে শেষ হয়। শোভাযাত্রায় বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, হল প্রভোস্ট, প্রক্টর, শিক্ষক এবং বিশ্ববিদ্যালয়ের সব বিভাগের ১২তম ব্যাচের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। তিনব্যাপী উৎসবের প্রথম দিন শিক্ষার্থীরা রং খেলার মধ্য দিয়ে আনন্দ উচ্ছ্বাস করেন। সন্ধ্যায় ফানুস উড়ানো হয়। আজ বুধবার ও বৃহস্পতিবার সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।